ঢাকা, ২৪ আগস্ট ২০১৫, ৯ ভাদ্র ১৪২২, ৮ জিলকদ ১৪৩৬ সোমবার রেজি. নং ডিএ ১৮৮০, বর্ষ ১৭, সংখ্যা ২৮৬, দাম ১০ টাকা

নগর সংস্করণ

প্রথম আলো

২০ টাকায় গান বেচলেন অর্ণব
পৃষ্ঠা : ১৬

'ভূমিসেবা পেতে ২০ লাখ টাকা পর্যন্ত ঘুষ লেনদেন'
পৃষ্ঠা : ৩

ভারত-পাকিস্তান বৈঠক বাতিল পাল্টাপাল্টি দোষারোপ
পৃষ্ঠা : ৭

পারলেন না সাঙ্গাকারা
পৃষ্ঠা : ১৯

thom-alo.com

মূল কাগজ ২০ পৃষ্ঠা, ৮ পৃষ্ঠার ক্রোড়পত্র : রস+আলোসহ মোট ২৮ পৃষ্ঠা

/DailyProthomAlo

পরিদর্শনে বিশেষজ্ঞ দল

হার্ডিঞ্জ ব্রিজ আরও ২৫ বছর টিকবে

ঈশ্বরদী (পাবনা) **প্রতিনিধি** ●

নির্মাণের পর ১০০ বছর পূর্ণ হলেও দেশের সর্ববৃহৎ রেলসেতু হার্ডিঞ্জ ব্রিজ আরও ২৫ বছর টিকে থাকবে। তবে নিরাপদ রাখতে হার্ডিঞ্জ ব্রিজের আশপাশে পদ্মা নদী থেকে বালু উত্তোলন বন্ধ করতে হবে।

গতকাল রোববার পাবনার ঈশ্বরদী উপজেলার পাকশীতে হার্ডিঞ্জ ব্রিজ পরিদর্শনে এসে দেশি-বিদেশি সেতু বিশেষজ্ঞ ও প্রকৌশলীরা সাংবাদিকদের এ কথা জানান। হার্ডিঞ্জ ব্রিজের শতবর্ষে পদার্পণ উপলক্ষে দেশি-বিদেশি ওই বিশেষজ্ঞ দল সেতুটি পরিদর্শন করলেন।

দেশের দর্শনীয় ও গুরুত্বপূর্ণ এই স্থাপনা দেখার জন্য সকাল নয়টার দিকে ঢাকার ক্যান্টনমেন্ট রেলস্টেশন থেকে 'হার্ডিঞ্জ ব্রিজ শতবর্ষ পূর্তি স্পেশাল ট্রেন' নামের একটি ট্রেন পাকশীর উদ্দেশে ছেড়ে যায়। বাংলাদেশ গ্রুপ অব ইন্টারন্যাশনাল ফর ব্রিজ অ্যান্ড স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং নামের একটি প্রকৌশল সংগঠন ওই ট্রেনযাত্রার আয়োজন করে। ট্রেনের পরিচালক আফজাল হোসেন জানান, ট্রেনটিতে ১৫০ জন দেশি-বিদেশি যাত্রী ছিলেন। দুপুর ১২টা ৪৫ মিনিটে ট্রেনটি পাকশী রেলস্টেশনে পৌঁছায়।